ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩১৭৬

আগরতলা,১০ অক্টোবর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৫/৯/২০২৫ তারিখের প্রতিবাদী কলম পত্রিকায় "সংশোধনাগারে ফার্মাসিস্টের নামে অসংশোধিত কাহিনী" শিরোনামে প্রকাশিত সংবাদটি গণ্ডাতুইসা সাব-জেলের সুপারিনটেনডেন্ট-এর নজরে এসেছে। এ বিষয়ে এক স্পষ্টিকরণে তিনি জানিয়েছেন, কারাগারের অ্যাটেনডেন্স রেজিস্টার পরিদর্শন করে দেখা গেছে যে, গণ্ডাতুইসা সাব-জেলের ফার্মাসিস্ট শ্যামল চক্রবর্তী নিয়মিতভাবে সাব-জেলে কর্তব্যরত ছিলেন এবং কর্তৃপক্ষের আগাম অনুমতি নিয়েই ছুটিতে ছিলেন। এছাড়াও, ভুল ওষুধ সরবরাহ বা কোনওরকম অপ্রয়োজনীয় ওষুধের বিষয়ে বন্দীদের কাছ থেকে কোনও অভিযোগ পাওয়া যায়নি। মেডিকেল অফিসার (এম.ও.) দ্বারা বন্দীদের চিকিৎসা করা হয় এবং অসুস্থতার বিষয়ে রেজিস্ট্রিকৃত এবং নির্দিষ্ট সময়সূচি অনুসারে কঠোরভাবে ওষুধ সরবরাহ করা হয়। অধিকন্তু, গণ্ডাতুইসা সাব-জেলের ভারপ্রাপ্ত (আই/সি) সাব-জেলর জানিয়েছেন যে, অভিযুক্ত ব্যক্তির পক্ষ থেকে কোনও অস্বাভাবিকতা বা অসদাচরণ পাওয়া যায়নি। এই অফিস স্বচ্ছতা এবং সঠিক নির্দেশিকা মেনে চলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। সুতরাং প্রকাশিত সংবাদে বাস্তব তথ্যের অভাব রয়েছে।

*****